অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ব্রংক্স এর অভিবাসী পিতাকে গভর্নর কুওমোর ক্ষমা প্রদর্শন

ব্রংক্সের বাবা সিল্লাহকে ক্ষমার আদেশ জারি করা হয় যিনি দশ বছরেরও বেশি সময় আগে সংঘটিত ছোটখাট, অহিংস অপরাধের ভিত্তিতে আসন্ন বহিষ্কারের মুখোমুখি

গভর্নর অ্যান্ড্রু কুওমো আজ পাঁচ নাবালক সন্তানের এক পিতার প্রতি ক্ষমার আদেশ জারি করেছেন যিনি 10 বছরেরও বেশি সময় ধরে সমাজে অবদান রেখে চলেছেন এবং অপরাধমুক্ত ছিলেন কিন্তু বর্তমানে ফেডারেল সরকার কর্তৃক বহিষ্কার হতে যাচ্ছেন। জনাব সিল্লাহ 22 বছর বয়সে, গাম্বিয়া থেকে একজন নিপীড়ক পিতার কাছ থেকে পালিয়ে এবং অন্য সবার মত আমেরিকায় উন্নত ভবিষ্যত গড়ার আশায় যুক্তরাষ্ট্রে অভিবাসী হয়ে আসেন। তিনি একজন আমেরিকান নাগরিককে বিয়ে করেন এবং বর্তমানে পাঁচ সন্তানের জনক। যেহেতু তিনি এই দেশে একজন পর্যটক হিসেবে এসেছিলেন, তিনি কাজ করার এবং লাইসেন্স ব্যতীত কাপড় বিক্রি এবং সরবরাহ করার অনুমতিপ্রাপ্ত ছিলেন না এবং একাধিক নিচু মানের বেআইনি কাজ ও অপরাধের জন্য অভিযুক্ত হন। পরবর্তীতে তিনি একজন কুলি হিসেবে কাজ পান, যা তিনি 15 বছর ধরে করেছেন এবং 15 বছর ধরে কর প্রদান করেছেন।

"প্রেসিডেন্ট ট্রাম্প অভিবাসীদের বাইরে রাখার উদ্দেশ্যে দেয়াল নির্মাণ নিয়ে আচ্ছন্ন, কিন্তু নিউ ইয়র্ক পরিবার জানে যে এর বৈচিত্র্যই আমাদের শক্তি", **গভর্নর কুওমো বলেন,** "সমবেদনা এবং ন্যায়বিচার এম্পায়ার স্টেটের নীতি এবং জনাব সিল্লাহ পাঁচ সন্তানের জনক যিনি তার পরিবারের সাথে থাকার অধিকার রাখেন।"

জনাব সিল্লাহ নির্দেশনা মোতাবেক 17 বছর ধরে করে আসা একটি নৈমিত্তিক ইউ.এস. ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) অ্যাপয়েন্টমেন্টে হাজিরা দেওয়ার পর জানুয়ারি থেকে কারারুদ্ধ আছেন। তিনি কিয়ার্নি, নিউ জার্সির হাডসন কারেকশনাল ফ্যাসিলিটিতে (Hudson Correctional Facility) কারাবদ্ধ আছেন এবং সম্প্রতি নিউ ইয়র্কে ক্ষমা প্রদর্শনের জন্য আবেদন জানিয়েছেন। ফেব্রুয়ারির শেষে তাকে সরিয়ে নেয়া নির্ধারিত হওয়ার পর, ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্টে এক জরুরি আবেদনের প্রেক্ষিতে তার বহিষ্কার স্থগিত রাখা হয়। তিনি এরপর এই আদালতে হাজিরা দেবেন শুক্রবার যখন তিনি এই ক্ষমাকে দলিল হিসেবে উপস্থাপন করতে পারবেন যেন তার বহিষ্কার স্থগিত অবস্থাতেই রাখা হয়। যদি আদালত জনাব সিল্লাহর পক্ষে রায় দেন তাহলে এই ক্ষমার সাহায্যে তিনি অগ্রাহ্যতার দাবিত্যাগ (waiver of inadmissibility) এর জন্য আবেদন করতে পারবেন যা তার অপসারণ হওয়াকে চিরদিনের জন্য রুখে দিবে এবং তার স্ত্রী, যিনি একজন মার্কিন নাগরিক, এর মাধ্যমে তাকে নাগরিক হিসেবে স্বীকৃতি পাওয়ার সুযোগ করে দিবে।

হেক্টর ফিগুয়েরা, প্রেসিডেন্ট, 32BJ SEIU বলেন, "আমরা গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই ক্ষমার আদেশ জারি করার জন্য এবং ইমিগ্রেশন কর্তৃপক্ষকে দেখিয়ে দেয়ার জন্য যা আমরা জানি যে বাবা সিল্লাহ

একজন কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসী যিনি তার পরিবারের সাথে থাকার অধিকার রাখেন। যতক্ষণ না তিনি বাড়িতে তার উপর নির্ভরশীল তার স্ত্রী এবং সন্তানদের কাছে ফিরছেন, আমরা তাকে এবং তার পরিবারকে সমর্থন দিয়ে যাব।"

নিউ ইয়র্ক হোটেল ট্রেডস কাউন্সিল (New York Hotel Trades Council) এর প্রেসিডেন্ট পিটার ওয়ার্ড বলেন, "আমরা গভর্নর কুওমো এর কাছে আজ এই ক্ষমার আদেশ জারি করার জন্য গভীরভাবে কৃতজ্ঞ। বাবা সিল্লাহ এবং তার স্ত্রী ম্যামাউ উভয়েই কঠোর পরিশ্রমী ইউনিয়ন সদস্য যারা নিউ ইয়র্ক শহরে পরিবার পরিচালনার জন্য তাদের সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তারা একত্রে থাকার অধিকার রাখেন এবং গভর্নর কুওমোর এই ক্ষমা তাদের এই মৌলিক সম্মান পুনরুদ্ধার করতে সুদূরপ্রসারী প্রভাব ফেলবে।"

1993 সালে, জনাব সিল্লাহ 22 বছর বয়সে, গাম্বিয়া থেকে একজন নিপীড়ক পিতার কাছ থেকে পালিয়ে এবং অন্য সবার মত আমেরিকায় উন্নত ভবিষ্যত গড়ার আশায় যুক্তরাষ্ট্রে অভিবাসী হয়ে আসেন। যেহেতু তিনি এই দেশে একজন পর্যটক হিসেবে এসেছিলেন, তিনি কাজ করার অনুমতিপ্রাপ্ত ছিলেন না। বেকার অবস্থায় এবং সম্ভাব্য চাকরীদাতা তার অভিবাসী হওয়ার কথা জেনে ফেললে তাকে বহিষ্কারের শিকার হতে হবে এই ভয়ে, জনাব সিল্লাহ লাইসেন্স ছাড়া পাঁচ বছর ধরে মধ্য ম্যানহাটনে জামাকাপড় এবং অন্যান্য সামগ্রী বিক্রি করতে থাকেন। এই সময়ে জনাব সিল্লাহ তার লাইসেন্সবিহীন বিক্রয় কাজ সংক্রান্ত একাধিক নিচু মানের বেআইনি কাজ এবং অপরাধের জন্য দোষী সাব্যস্ত হন।

জনাব সিল্লাহ, যিনি এখন 47 বছর বয়সী, পরবর্তীতে এক ICE সুপারভিশন অর্ডার অনুসারে কাজ করার অনুমতি পেয়ে যান এবং 11 বছর ধরে অপরাধমুক্ত জীবন যাপন করে আসছেন। বর্তমানে, একটি ইতিবাচক ও ফলপ্রসূ জীবন যাপনের প্রতিশ্রুতিবদ্ধ একজন নিউ ইয়র্কবাসী হিসেবে জনাব সিল্লাহ একজন কুলি হিসেবে কাজ করেন, যে কাজে তিনি 15 বছর ধরে বহাল আছেন এবং কর পরিশোধ করে আসছেন। এছাড়াও তিনি তার ইউনিয়ন 32BJ SEIU এর একজন সক্রিয় সদস্য। তিনি এবং তার স্ত্রী, ম্যামাউ, একজন গৃহকর্মী তাদের পাঁচ নাবালক সন্তানের দেখাশোনার দায়িত্ব সামলান, যাদের মধ্যে তিনজন মিসেস সিল্লাহ এর আগের সম্পর্কের কিন্তু তারা জনাব বাবাকেই তাদের পিতা হিসেবে দেখে। জনাব সিল্লাহ তার ছেলের প্রয়োজনীয় চিকিৎসা চাহিদা পূরণে প্রয়োজনীয় যাতায়াত, সেবাযত্ন এবং স্বাস্থ্য বীমার ব্যবস্থা করেন। তিনি বহিষ্কৃত হলে সিল্লাহ পরিবার প্রয়োজনীয় উপার্জনের সাথে সাথে সেবাযত্ন ও সহায়তার এক গুরুত্বপূর্ণ উৎসও হারিয়ে ফেলবেন।

এই অপরাধসমূহ যেগুলোর জন্য তিনি ইতোমধ্যে শাস্তিভোগ করেছেন এবং স্পষ্টতই যেগুলো থেকে দূরে আছেন, জনাব সিল্লাহ, একজন পিতা, একজন স্বামী, একজন অভিবাসী, একজন নিউ ইয়র্কবাসীকে বহিষ্কৃত করা অনেক বড় অন্যায় হবে। এই ক্ষমা বাবা সিল্লাহকে এই দেশ যাকে তিনি তার জীবনের অর্ধেকের বেশি সময় ধরে ঘর ভেবে এসেছেন তাতে থাকার সুযোগ করে দিবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন